

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ শয়তান যখন মানুষের কাছে পাপ কাজ সুশোভিত করে তোলে আর সেসময় যখন মানুষ পাপ কাজে লিপ্ত হয়, তখন মানুষের জন্য কী করা আবশ্যিক- এই মর্মে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ مَا يَجِبُ عَلَى الْمُسْلِمِ عِنْدَمَا جَرَى مِنْهُ مِنْ مُقَارَفَةِ الْمَأْثَمِ حِينَ يُزَيِّنُ الشَّيْطَانُ لَهُ ارْتِكَابَ مِثْلِهَا

আরবী

660 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ بِمَنْبَجٍ وَمُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ بِعَسْقَلَانَ وَمُحَمَّدُ بْنُ الْمُعَاوَى بْنِ أَبِي حَنْظَلَةَ الْعَابِدُ بِصَيْدَاءَ فِي آخِرِينَ قَالُوا: حَدَّثَنَا هِشَامُ بْنُ خَالِدٍ الْأَزْرَقُ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ: أَنَّ هِشَامَ بْنَ عَبْدِ الْمَلِكِ أَدَّى عَنِ الزُّهْرِيِّ سَبْعَةَ آلَافٍ دِينَارٍ دَيْنًا كَانَ عَلَيْهِ ثُمَّ قَالَ لِلزُّهْرِيِّ: لَا تَعُودَنَّ تَدَّانَ فَقَالَ الزُّهْرِيُّ: كَيْفَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ وَقَدْ حَدَّثَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:

(لَا يُلْدَغُ الْمُؤْمِنُ مِنْ جُحْرٍ وَاحِدٍ مَرَّتَيْنِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 660 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৬০. সাঈদ বিন আব্দুল আযীয রহিমাল্লাহ বলেন, “ইমাম যুহরী রহিমাল্লাহর সাত হাজার দীনার (স্বর্ণমুদ্রা) ঋণ ছিল, যা হিশাম বিন আব্দুল মালিক পরিশোধ করে দেন তারপর তিনি ইমাম যুহরী রহিমাল্লাহকে বলেন, “এরকম আর ঋণ করবেন না।” ইমাম যুহরী রহিমাল্লাহ বলেন, “হে আমিরুল মুমিনীন, আমি কিভাবে এরকম ঋণ করতে পারি, অথচ সাঈদ বিন মুসাইয়্যিব রহিমাল্লাহ আমাকে আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন যে, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মু‘মিন ব্যক্তি একই গর্তে দু’বার দংশিত হয় না।”[1]

ফুটনোট

[1] আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৬/১২৭; মুসনাদ আহমাদ: ২/৩৭৯; সহীহ বুখারী: ৬১৩৩; সহীহ মুসলিম: ২৯৯৮; আবু দাউদ: ৪৮৬২; সুনান বাইহাকী: ১০/১২৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫০৭; ইবনু মাজাহ: ৩৯৮২; দারেমী: ২/৩১৯; আত তায়ালিসী: ১৮১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাঈদ ইবনু 'আবদুল আযীয (রহিমাহুল্লাহ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89162>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন